

🗏 আল-কামার | Al-Qamar | ٱلْقَمَر

আয়াতঃ ৫৪:২৮

💵 আরবি মূল আয়াত:

وَ نَبِّئِهُم أَنَّ المَآءَ قِسمَةٌ بَينَهُم كُلُّ شِرِبٍ مُّحتَضَرُّ ﴿٢٨﴾

আর তাদেরকে জানিয়ে দাও যে, তাদের মধ্যে পানি বণ্টন সুনির্দিষ্ট। প্রত্যেকেই (পালাক্রমে) পানির অংশে উপস্থিত হবে। — আল-বায়ান

আর তাদেরকে জানিয়ে দাও যে, তাদের মধ্যে (ও উদ্ভীর মধ্যে) পানি বণ্টিত হবে, প্রত্যেকের পানি পানের পালা আসবে। — তাইসিরুল

আর তুমি তাদেরকে জানিয়ে দাও যে, তাদের মধ্যে পানি বন্টন নির্ধারিত এবং পানির অংশের জন্য প্রত্যেকে হাযির হবে পালাক্রমে। — মুজিবুর রহমান

And inform them that the water is shared between them, each [day of] drink attended [by turn]. — Sahih International

২৮. আর তাদেরকে জানিয়ে দিন যে, তাদের মধ্যে পানি বন্টন নির্ধারিত এবং পানির অংশের জন্য প্রত্যেকে উপস্থিত হবে পালাক্রমে।

তাফসীরে জাকারিয়া

- (২৮) আর তুমি তাদেরকে জানিয়ে দাও যে, তাদের মধ্যে পানি বণ্টন নির্ধারিত[1] এবং পানির অংশের জন্য প্রত্যেকে হাজির হবে পালাক্রমে। [2]
 - [1] অর্থাৎ, একদিন উটনীর পানি পানের জন্য এবং একদিন লোকেদের পানি পানের জন্য।
 - [2] অর্থাৎ, প্রত্যেকের পানির অংশ তার সাথে নির্দিষ্ট। সে নিজের পালির দিনে উপস্থিত হয়ে তা সংগ্রহ করবে। مَثُرُّبُ মানে পানির অংশ।

তাফসীরে আহসানুল বায়ান



👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন